২৫৭

# দৈনিক সংবাদ

তারিখ 02 MAR 1998
পৃষ্ঠা ১ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে নয়া তিনটি বিভাগ চালু হচ্ছে

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনার্সের উপর এ বছর থেকে আরো ৩টি নতুন বিষয় চালু করা হচ্ছে। চলতি '৯৭-৯৮ শিক্ষাবর্ষ হতেই এ বিষয়গুলোতে ছাত্রছাত্রী ভর্তি করা হবে। নয়া বিষয় ৩টি হচ্ছে ফিশারিজ, নিউট্রিশন, সঙ্গীত ও নাট্যকলা। অনার্সের ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ২রা মে থেকে। ভর্তি ফরম বিতরণ শুরু আগামী ২৩শে মার্চ থেকে। ফরমের মূল্য নির্ধারণ করা হয়েছে ২শ' টাকা। খাতা দেখা হবে কম্পিউটারে ও এম আর (অপটিকাল মার্ক রিডিং) পদ্ধতিতে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটির এক সভায় গতকাল শনিবার এ সিদ্ধান্তসমূহ হয়েছে। সভা সূত্র জানান, এ

নয়া ঃ পৃঃ ১১ কঃ ৭

### নয়া ঃ তিনটি বিষয়

( ১ম পৃষ্ঠার পর )

বছর থেকে ১২টি নতুন বিষয় খোলার কথা থাকলেও তা আর সম্ভব হচ্ছে না। তাই মাত্র ৩টি বিষয় খোলা হচ্ছে। এর মধ্যে একটিকে প্রিলিমিনারি পর্যায় থেকে অনার্স পর্যায়ে চালু করা হচ্ছে। নতুন খোলা বিষয়গুলো হচ্ছে, জীববিজ্ঞান অনুষদের অন্তর্ভুক্ত ফিশারিজ ও নিউট্রিশন। এছাড়া সঙ্গীত ও নাট্যকলা নামে কলা অনুষদের অন্তর্ভুক্ত আরো একটি বিষয় চালু করা হচ্ছে। অবশ্য এ বিষয়টি পূর্বে কেবল প্রিলিমিনারি পর্যায়ে ছিল।

ভর্তি পরীক্ষা শুরু হবে আগামী ২রা মে থেকে।প্রথমে অনুষ্ঠিত হবে বাণিজ্য অনুষদের অন্তর্গত 'গ' ইউনিটের পরীক্ষা, এরপর ৯ই মে কলা অনুষদের অন্তর্গত 'খ' ইউনিটের পরীক্ষা, এর পর ১৬ই মে বিজ্ঞান অনুষদের অন্তর্গত 'ক' অনুষদের পরীক্ষা এবং সম্মিলিত অনুষদগুলোর জন্য নির্ধারিত 'ঘ' ইউনিটের পরীক্ষা আগামী ২৩শে মে। প্রশ্নপত্র গতবারের মতই এম সি কিউ বা নৈর্ব্যক্তিক পদ্ধতিতে। তবে অন্যান্য বারের তুলনায় এবার পরীক্ষা পদ্ধতি কিছুটা আলাদা অর্থাৎ এ বছর ৩ সেট প্রশ্নপত্র তৈরি করা হবে। প্রতিটি প্রশ্নপত্রের বিষয়বস্তু একই থাকবে। কিন্তু যাতে ছাত্রছাত্রীরা পাশের কোন ছাত্রছাত্রীর কাছ থেকে দেখে বা শুনে উত্তর দিতে না পারে সেজন্যে ক্রমিক নম্বরের মধ্যে তার মিল থাকবে।

খাতা দেখার ক্ষেত্রেও রয়েছে ভিন্নতা। বিগত বছরে পরীক্ষায় খাতা দেখতেন শিক্ষকরা। এ বছর দেখা হবে কম্পিউটারের মাধ্যমে ও এম আর (অপটিক্যাল মার্ক রিডিং) পদ্ধতিতে।

ফরম বিতরণ ও গ্রহণ আগামী ২৩শে মার্চ থেকে। চলবে ২৩শে এপ্রিল পর্যন্ত। গতবার প্রতিটি ফরমের দাম ১শ' ৫০ টাকা থাকলেও এ বছর তা বাড়িয়ে ২০০ টাকা করা হয়েছে। যোগ্যতার ক্ষেত্রে কোন পরিবর্তন আনা হয়নি।